দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
www.dailyinqilab.com
ডিএ ৬৬২
তম সংখ্যা
মঙ্গলবার
ট ১৪১২
৪২৬ হিজরী
T 2005




*ইনকিলাব ঃ গতকাল (সোমবার) ওসমানী স্মৃতি মিলনায়তনে যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক) আয়োজিত এক সেমিনারে বক্তাগণ*

# ৩০০ বেকার পেলো চাকরি শেষ হলো দু'দিনব্যাপী জব ফেয়ার

**স্টাফ রিপোর্টার ঃ** রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে শেষ হলো দু'দিনব্যাপী জব ফেয়ার। যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক) আয়োজিত এ মেলায় সমাবেশ ঘটেছিল হাজার হাজার চাকরি প্রত্যাশীর। বেকার তরুণ-তরুণীর ভিড় উপচে পড়েছিল মিলনায়তনের *৫-এর পৃঃ ৬-এর কঃ দেখুন*

*১২-এর পৃষ্ঠার পর*

বাইরে ওসমানী উদ্যান পর্যন্ত। বৃষ্টিসহ প্রতিকূল আবহাওয়া আটকাতে পারেনি চাকরি প্রত্যাশীদের। মেলার প্রথম দিনেই সব আবেদন ফরম বিক্রি হয়ে যাওয়াতে অনেক প্রার্থীকে বিরস মুখে ফিরে যেতে হয়েছে। যারা আবেদন ফরম তুলতে পেরেছে তারা ছিল চূড়ান্ত ফলাফলের অপেক্ষায়। মিলনায়তনের ভেতরের এক কোণে ইন্টারভিউ শেষে ফলাফল জানিয়ে দেয়া হয় বাইরে টাঙানো বোর্ডে। মাইকেও ফলাফল ঘোষণা করা হয়। চাকরি নামক সোনার হরিণ যারা ধরতে পেরেছে তারা ছিল আনন্দে আত্মহারা। চাকরি পেতে ব্যর্থ হাসান জানান, 'চাকরি' আমি পাইনি তাতে হতাশ থাকলেও এ ধরনের একটা চমৎকার মেলার মাধ্যমে আমার মতো ৩শ' বেকারের চাকরিতো হয়েছে। এ ধরনের মেলা মাঝে-মধ্যে হলে আরো অনেক বেকার উপকৃত হবে।

মেলায় যুব কর্মসংস্থান সোসাইটি (যুবক)-এর কর্মীরা সেবা প্রদানে ছিল সর্বদা নিবেদিত। ২০টি চাকরিদাতা কোম্পানি জব ফেয়ারে অংশ নেয়। তাৎক্ষণিকভাবে ৩০০ প্রার্থীকে এ মেলার মাধ্যমে চাকরি দেয়া হল।

এদিকে মেলার ২য় দিন সকাল ১০টায় যুবক-এর উদ্যোগে ওসমানী মিলনায়তনে এক সেমিনার অনুষ্ঠিত হয়।

'উন্নয়নের জন্য প্রয়োজন সবার উপযোগী কর্মসংস্থান পরিকল্পনা' শীর্ষক সেমিনারে বক্তারা বলেন, অফুরন্ত সম্ভাবনার দেশ বাংলাদেশের শ্রমবাজারে দক্ষ শ্রমশক্তির ব্যাপক চাহিদা মেটাতে প্রয়োজন সমন্বিত এবং সময়োপযোগী প্রচেষ্টা। উন্নয়নের জন্য এবং সবার জন্য কর্মসংস্থান পরিকল্পনার পাশাপাশি কর্মসংস্থানের সৃষ্টি করা খুবই জরুরী। তারা বলেন, চাকরি প্রত্যাশী যে কারও ক্ষেত্রেই দক্ষতা একটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। আর এ ক্ষমতা সৃষ্টির মাধ্যমে তাদের কর্মসংস্থানের পথে সহায়তার লক্ষ্যে সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানও এগিয়ে আসতে হবে।

বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোজাফফর আহমদের সভাপতিত্বে সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল (এমপি), বাংলাদেশ অর্থনীতি সমিতির সেক্রেটারী ডঃ আবুল বারাকাত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মীজানুর রহমান, বেসিসের ভারপ্রাপ্ত সেক্রেটারী এ কে এম ফাহিম মাশরুর, রাজনীতিবিদ রুহিন হোসেন প্রিন্স।

অর্থনীতিবিদ ডঃ মোজাফফর আহমেদ বলেন, স্থায়ী উন্নয়নের জন্য মৌলিক শিল্পখাত বিকাশের বিকল্প নেই। এছাড়া কাজের সামাজিক ধারণা পরিবর্তন প্রয়োজন। তিনি আরও বলেন, কমিউনিটি ফান্ড গঠনের মাধ্যমে সমাজের বেকার জনগোষ্ঠীকে স্বল্প পুঁজি প্রদান করে সহযোগিতা করা যায়। এছাড়া তথ্যগত শূন্যতায় সমন্বয় করে বা ক্ষুদ্র ক্ষুদ্র প্রয়াসের মাধ্যমেও কর্মসংস্থানের সুযোগ করে নেয়া যায়। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন উন্নয়ন অন্বেষণের ইনোভেটর মনোয়ার মোস্তফা। স্বাগত বক্তব্য রাখেন জব ফেয়ার কমিটির চেয়ারম্যান ও যুবক-এর নির্বাহী পরিচালক হোসাইন আল মাসুম।

জব ফেয়ারের সমাপনী অনুষ্ঠানে অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী শাহ মোহাম্মদ আবুল হোসাইন (এমপি) বাছাইকৃতদের হাতে নিয়োগপত্র প্রদান করেন।